



সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি গোপালদী শাখা, গোপালদী।

আড়াইহাজার, নারায়নগঞ্জ

অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩ এর ১২(৩) ধারার মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি, গোপালদী শাখার বিনিয়োগ গ্রহীতা: মেসার্স ইফাদ টেক্সটাইল, মালিক: জনাব মোঃ মফিজুল ইসলাম, পিতা: মৃত মোঃ ওয়াজেদ আলী মাতা: আমিনা, ব্যবসায়িক ঠিকানা: রামচন্দ্রদী, গোপালদী, আড়াইহাজার, নারায়নগঞ্জ। বর্তমান এবং স্থায়ী ঠিকানা: রামচন্দ্রদী, গোপালদী-১৪৫১, আড়াইহাজার, জেলা:- নারায়নগঞ্জ এর নিকট ১৮/০৬/২০২৬ইং তারিখ পর্যন্ত প্রাপ্য মোট : ৮৬,১৮,৬১৩.৪৯ (ছিয়াশি লক্ষ আঠারো হাজার ছয়শত তেরো টাকা চার নয় পয়সা) টাকা এবং আদায়কালতক মুনাফা ও অন্যান্য খরচ আদায়ের লক্ষ্যে অত্র ব্যাংকের অনুকূলে বন্ধককৃত ও আম-মোজারনামা দলিল বলে বিক্রয়ের ক্ষমতা প্রাপ্ত নিম্ন তফসীলভুক্ত সম্পত্তি নিলামে বিক্রয়ার্থে আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাইতেছে।

শর্তাবলী

- আগ্রহী দরদাতাগণ তাহার বা তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অঙ্কে ও কথায় লিখিয়া সীলমোহরকৃত খামে এবং খামের উপরে স্পষ্টাক্ষরে "সম্পত্তি নিলাম ক্রয়ের দরপত্র" লিখিয়া আগামী ২০/০৭/২০২৬ ইং তারিখ অপরাহ ৩.০০ ঘটিকার মধ্যে সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি গোপালদী শাখা, গোপালদী। আড়াইহাজার, নারায়নগঞ্জ রক্ষিত দরপত্র বাস্তবে ফেলিবেন অথবা দরপত্র রেজিস্ট্রিকৃত ডাকযোগে উক্ত তারিখের নিদিষ্ট সময়ের মধ্যে পৌছাইতে হইবে এবং ঐদিনই অপরাহ ৩.৩০ ঘটিকার সময় দরদাতাগণের সন্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হইবে।
- নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্রদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করিতে হইবে।
- প্রত্যেক দরদাতা উদ্ধৃত দর অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫% এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ যেকোন তফসীলী ব্যাংক হইতে, সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি গোপালদী শাখা, গোপালদী এর অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার, দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- অনূর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় আইন অনুযায়ী ব্যাংক কর্তৃপক্ষ জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।
- উপরোক্ত অনুচ্ছেদ-৪ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করিতে আহ্বান করা হইবে এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা অনুরূপ আস্থানে সম্মত হইলে তাহাকে অনুচ্ছেদ-৪ এর নির্ধারিত সময়সীমার মধ্যেই দরপত্রের সম্পূর্ণ অর্থ পরিশোধ করিতে হইবে, ব্যর্থতায় দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক প্রদত্ত জামানতের টাকাও বাজেয়াপ্ত করা হইবে।
- দরদাতাকে রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচ, স্ট্যাম্প, ডিউটি ও ভ্যাট অন্যান্য শুদ্ধ খরচ যদি থাকে এবং দলিল নিবন্ধন সংক্রান্ত যাবতীয় খরচ বহন করিতে হইবে।
- এক বা একাধিক তফসিলের বিপরীতে একত্রে অথবা আলাদা আলাদা দরপত্র দাখিল করা যাইবে। তবে একত্রে দরপত্র দাখিলের ক্ষেত্রে প্রতিটি তফসিলের জন্য আলাদা আলাদা মূল্য উল্লেখ করতে হবে।
- কম জামানত সমেত/জামানতবিহীন/ক্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।
- অসফল দরদাতার জামানত ফেরত দেওয়া হইবে।
- তফসিলভুক্ত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বয়ংত্বশাসিত কোন প্রতিষ্ঠান বা অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবি থাকিলে তাহা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করিবেনা।
- দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম পরিলক্ষিত হইলে বা অন্য কোন কারণে গ্রহণযোগ্য না হইলে ব্যাংক কর্তৃপক্ষ উক্ত দরপত্র গ্রহণে বাধ্য থাকিবেনা এবং কোনরূপ কারণ দর্শনো ব্যতিরেকে সর্বোচ্চ গৃহীত বা যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা ব্যাংক কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং অপরাপর এতদসংশ্লিষ্ট সকল বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং অর্থস্বর্ণ আদালত আইন, ২০০৩ এর ধারা ১২ এবং ধারা ৩৩ এর বিধান যতদূর সম্ভব অনুসরণীয় হইবে।
- দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিবর্গ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

SCHEDULE OF THE MORTGAGE PROPERTY

26.00 Decimal land. PS/SRO Arahazar, Dist: Narayanganj, Mouza: Ramchandradi, JL# Sabek-409, RS 99, Khatian No. C.S 355, SA 297, RS 650, Plot & Dag No. CS & SA 280, RS 448, Mutation No. 1584 & Joth no. 1583 Owner of the land Md. Mafjul Islam (client himself)

Parameters of the Boundaries (Chouhoddz): 26.00 Decimal.

To the North : Land of Mr. Shahid Mollah.
To the South : Approx. 10 feet wide pucca road.
To the East : Property of Mr. Shajahan & Own property
To the West : Approx. 10 feet wide pucca road.

সোশ্যাল ইসলামী ব্যাংক পিএলসি
গোপালদী শাখা, গোপালদী, আড়াইহাজার, নারায়নগঞ্জ
পক্ষে ম্যানেজার

SA-P-100/26 (11'x2)

মোবাইল নং: ০২৭১০১৩৯০৩৬